

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
সিলেট জেলা কমান্ড



নম্বর: ০৫.৪৬.৯১০০.০০২.০১.০০১.২৩.০৯

০২ চৈত্র ১৪২৯

১৬ মার্চ ২০২৩

গণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র ২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি মোহাম্মদ মোবারক হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে :

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯/০৩/২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২/০৩/২০২৩ (বুধবার)
৩.	দাবি আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল:

১.	মনোনয়নপত্র বিক্রি ( চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর থেকে ০৫/০৪/২০২৩ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত )	: ০২/০৪/২০২৩ (রবিবার) থেকে ০৫/০৪/২০২৩ (বুধবার) দুপুর ১২.০০ টা পর্যন্ত )
২.	মনোনয়নপত্র দাখিলের তারিখ ( সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ০৫/০৪/২০২৩ (বুধবার)
৩.	মনোনয়নপত্র বাছাই	: ০৯/০৪/২০২৩ (রবিবার)
৪.	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৫.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৬.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬/০৪/২০২৩ (রবিবার)
৭.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭/০৪/২০২৩ (সোমবার)
৮.	প্রতীক বরাদ্দের তারিখ	: ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
৯.	ভোট গ্রহণের তারিখ	: ১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা : বিরতিহীনভাবে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট জেলা কমান্ডের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় (জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট) এ এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, (সকল উপজেলা), সিলেট) এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যম অনুষ্ঠিত হইবে।

তারিখ: ১৬ দিন ০৩ মাস ২০২৩ বঙ্গাব্দ


২৩/০৩/২০২৩  
মোহাম্মদ মোবারক হোসেন

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ও  
রিটার্নিং অফিসার  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
সিলেট জেলা কমান্ড

নির্বাচনি এলাকার নাম : সিলেট জেলা কমান্ড, সিলেট

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
- ২। নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩, পরিবহন পুল ভবন, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, সিলেট
- ৪। জেলা প্রশাসক, সিলেট
- ৫। উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল), সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩, সিলেট জেলা কমান্ড
- ৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। .....

  
২০/০৩/২০২৩

মোহাম্মদ মোবারক হোসেন

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ও  
রিটার্নিং অফিসার  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
সিলেট জেলা কমান্ড